

এইচএসসি পরীক্ষায় মাইলস্টোন কলেজের সাফল্য



এইচএসসি পরীক্ষার ফলাফলে সাফল্যের ধারাবাহিকতা ধরে
রেখেছে রাজধানীর উত্তরায় অবস্থিত মাইলস্টোন কলেজ। চলতি
বছর কলেজটি থেকে এইচএসসি পরীক্ষায় অংশ নেওয়া তিন
হাজার ২২২ জন শিক্ষার্থীর মধ্যে একজন ছাড়া সবাই পাস
করেছে। পাসের হার ৯৯.৯৭ শতাংশ। জিপিএ ৫ পেয়েছে দুই
হাজার ৭৩৪ জন। বিজ্ঞান বিভাগ থেকে দুই হাজার ৪১৯ জন,
ব্যবসায় শিক্ষা বিভাগ থেকে ১৬৮ জন ও মানবিক বিভাগ থেকে
১৪৭ জন পরীক্ষার্থী জিপিএ ৫ পেয়েছে। কলেজের অধ্যক্ষ মো.
সহিদুল ইসলাম শিক্ষার্থীদের সুন্দর ভবিষ্যতের প্রত্যাশায় শুভ
কামনা জানিয়েছেন। সংবাদ বিজ্ঞপ্তি।

